গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
ডকুমেন্টেশন অ্যান্ড ইভ্যালুয়েশন শাখা
www.bcsadminacademy.gov.bd

নম্বর-০৫.০২.০০০০.০১২.০০.০০৫.১৮-৫৫ তারিখ: ১৬/০৯/২০১৯ খ্রি:

| | | |
|---|---|---|
| বিষয় | : | বিসিএস প্রশাসন একাডেমির ইনোভেশন উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সেপ্টেম্বর মাসের সভার কার্যবিবরণী |
| সভাপতি | : | মোহাম্মদ খালেদ রহীম, পরিচালক (তথ্য প্রযুক্তি), বিসিএস প্রশাসন একাডেমি |
| স্থান | : | পরিচালক (তথ্য প্রযুক্তি) এর অফিস কক্ষ |
| তারিখ ও সময় | : | ১৬/০৯/২০১৯ খ্রিস্টাব্দ বিকাল ৩:০০ টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-১ |

বিসিএস প্রশাসন একাডেমির ২০১৮-২০১৯ সালের বাস্তবায়িত ইনোভেশন কর্ম পরিকল্পনা ও ইনোভেশন আইডিয়াসমূহের পযালোচনার এবং ২০১৯-২০২০ সালের ইনোভেশন কর্ম পরিকল্পনা ও ইনোভেশন আইডিয়া প্রণয়নের লক্ষ্যে ইনোভেশন টিমের আহবায়ক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাযক্রম শুরু করেন। অত:পর ইনোভেশন টিমের সদস্য সচিব উপপরিচালক (ডকুমেন্টেশন অ্যান্ড ইভ্যালুয়েশন) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | সভায় আমন্ত্রণক্রমে উপস্থিত সাবেক সদস্যসচিব, বর্তমানে উপপরিচালক(পরিকল্পনা ও উন্নয়ন) জনাব ড. মোহাম্মদ কামরুজ্জামান জানান যে, কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে প্রণয়ন পূর্বক যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে এবং তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | প্রণীত কর্মপরিকল্পনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার দপ্তরে পৌছানো এবং তথ্য বাতায়নে সঠিকভাবে প্রকাশ নিশ্চিত করতে হবে। | প্রোগ্রামার ও সদস্যসচিব |
| ২। | উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে ০১(এক)দিনের কর্মশালা/সেমিনারের আয়োজন করতে হবে | A2I এর সাথে আলোচনাক্রমে ২টি ০১ (এক) দিনের কর্মশালা/সেমিনার আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | রেক্টর মহোদয়ের সদয় অনুমতি সাপেক্ষে ২৯ সেপ্টেম্বর তারিখে প্রাথমিকভাবে প্রথম কর্মশালাটি আয়োজনের তারিখ নির্ধারণ করা হয়। | উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা/প্রশাসন) |
| ৩। | গত অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত | ২০১৮-১৯ সালে বিসিএস প্রশাসন একাডেমির গৃহীত বাস্তবায়নযোগ্য উদ্যোগ গুলোর মধ্যে TMS (Training Management System) এবং WIFI ঘড়ি স্থাপন করা হয়েছে। | উক্ত উদ্ভাবনী উদ্যোগ গুলো একাডেমির সকল কাযক্ষেত্রে ব্যবহার করা হবে কিনা এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিচালক(প্রশাসন) এর মাধ্যমে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (ডকু: অ্যান্ড ইভ্যা:) |
| ৪। | বাজেট বরাদ্দ সংক্রান্ত | গত অর্থবছরে গৃহীত ৪টি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে ০৩টি উদ্যোগ ইতোমধ্যে বাস্তবায়ন করা | বিগত বছরের উদ্ভাবনী কর্মকান্ডের বাজেট চেয়ে কর্তৃপক্ষের মাধ্যমে | উপপরিচলক (ডকু: অ্যান্ড |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। বাকি ০১টি উদ্যোগ বাস্তবায়নাধীন আছে। কিন্তু উদ্যোগ সমূহ বাস্তবায়নের জন্য কোন বাজেট বরাদ্দ পাওয়া যায়নি। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-৩ শাখায় পত্র প্রেরণ করা যেতে পারে। | ইভ্যা:) |
| ৫। | ই-লার্নিং | ই-মোবাইল্ কোর্ট, পিপিআর এর উপর ই-লার্নিং এর জন্য এটুআই সকল তথ্য চিত্র সরবরাহ করবে। | ই-লার্নিং কোর্স বাস্তবায়নের লক্ষ্যে অক্টোবর ২০১৯ এর মধ্যে কর্মপরিকল্পনা উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ৬। | ই-জার্নাল | ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্তমতে বিসিএস প্রশাসন একাডেমিতে ই-জার্নাল প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | এ বিষয়ে ইতোমধ্যে গৃহীত কর্মকান্ড ও পরবর্তী করণীয় আগামী ০৭ দিনের মধ্যে উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা) |
| ৭। | উদ্ভাবনী উদ্যোগ আহবান | বিসিএস প্রশাসন একাডেমিতে সক্ষমতা বৃদ্ধি ও সেবার সহজীকরণ বিষয়ে ২০১৯-২০ অর্থ বছরে বিভিন্ন উদ্যোগ গ্রহণের বিষয় আলোচনা করা হয়। | ক) ৩০ সেপ্টেম্বরের মধ্যে একাডেমির সকল অনুষদবর্গকে আইডিয়াসমূহ জমা দেওয়ার জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>খ) চলমান আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের কাছ থেকে আইডিয়া সমূহ সংগ্রহের জন্য প্রশিক্ষণ শাখায় পত্র প্রেরণ করা যেতে পারে। | উপপরিচালক (ডকু: অ্যান্ড ইভ্যা:) |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ খালেদ রহীম
পরিচালক (তথ্য প্রযুক্তি)
ও
আহবায়ক
ইনোভেশন টিম

নম্বর-০৫.০২.০০০০.০১২.০০.০০৫.১৮-৫৫

তারিখ: ১৬/০৯/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:
০১। সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য, বিসিএস প্রশাসন একাডেমি
০২। রেক্টর এর একান্ত সচিব, বিসিএস প্রশাসন একাডেমি (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। এমডিএস মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী
০৪। অফিস কপি

মোহাম্মদ খালেদ রহীম
পরিচালক (তথ্য প্রযুক্তি)